আজ আখেরি মোনাজাত, শেষ হবে আঞ্চলিক ইজতেমা

মেহেরপুরের সাবেক সিভিল সার্জন এবং তাবলীগ জামাতের বর্তমান রাজশাহী জেলা আমির ডা. আমিনুল ইসলামের বয়ান ও আখেরি মোনাজাতের মধ্য দিয়ে শেষ হবে তিন দিনের আঞ্চলিক ইজতেমা। গত বুধবার ১৩ ডিসেম্বর মেহেরপুর সরকারি কলেজ মাঠে তিন দিনের এই আঞ্চলিক ইজতেমা শুরু হয়েছিল।

মেহেরপুর জেলা সহ পার্শ্ববর্তী কয়েকটি জেলা থেকে কয়েক হাজার মুসল্লী সমবেত হয়েছেন এবারের ইজতেমা মাঠে। এছাড়াও ইন্দোনেশিয়া থেকে ১১ জনসহ ভারত থেকেও কয়েকজন মুসল্লী এসে সমবেত হয়েছেন এই ইজতেমা ময়দানে।

গত বুধবার ফজরের নামাজের পর আম বয়ানের মধ্য দিয়ে শুরু হয়েছিলো ইজতেমার আনুষ্ঠানিকতা। আর আজ শুক্রবার ১৫ ডিসেম্বর আখেরি মজাদার মধ্য দিয়ে শেষ হবে সেই আনুষ্ঠানিকতার।

মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান জানান, ইজতেমার সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে তিন স্তরের নিরাপত্তাবলয় তৈরি করা হয়েছে। র্যাব ও পুলিশের পাশাপাশি সাদা পোশাকেও পুলিশ কাজ করছে। ইজতেমা মাঠ প্রাঙ্গনে নিরাপত্তা রক্ষায় সার্বক্ষণিকভাবে শতাধিক পুলিশ সদস্য দায়িত্ব পালন করে যাচ্ছে।